**আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়, ঢাকা ।**

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০২ তারিখ ঃ ০৬ জানুয়ারী, ২০০৯

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক,
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান ।

প্রিয় মহোদয়,

**বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকে প্রেরিত বিভিন্ন পত্র/বিবরণীতে ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহীদের স্বাক্ষর করা প্রসঙ্গে ।**

সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৫ সেপ্টেম্বর ২০০৭ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০৭/২০০৭ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলারের ***০৩(চ) নং অনুচ্ছেদ*** নিম্নরূপে সংশোধন করা হল ঃ
বাংলাদেশ ব্যাংকে প্রেরিত বিভিন্ন নীতি-নির্ধারণী বিষয় ও নির্দেশনা পরিপালন সম্পর্কিত পত্রে প্রধান নির্বাহী স্বাক্ষর করবেন | তবে নিম্নোক্ত বিবরণী/পত্রসহ সকল নিয়মিত ও দৈনন্দিন বিবরণী প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্তৃক প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি (প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগ/ইউনিটের প্রধান) কর্তৃক স্বাক্ষরকরতঃ অত্র বিভাগে প্রেরণ করা যাবে ঃ

১. দৈনিক কলমানির বিবরণী
২. ব্যবসায়িক কর্মকান্ড সংক্রান্ত মাসিক বিবরণী
৩. মাসিক সিআরআর/এসএলআর বিবরণী
৪. মাসিক ঋণ/লীজ অবলোপন বিবরণী
৫. মাসিক পুনঃতফসিলীকরণ বিবরণী
৬. শ্রেণীকৃত ঋণ ও প্রভিশনিং এর ত্রৈমাসিক বিবরণী
৭. আমানত ও ঋণের উপর সুদের হার সম্পর্কিত বিবরণী
৮. আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালকগণ কর্তৃক গৃহীত ঋণের বিবরণী
৯. অর্ধ-বার্ষিক দায় ও সম্পদের বিবরণী
১০. বার্ষিক দায় ও সম্পদের বিবরণী
১১. পরিচালকদের শেয়ারহোল্ডিং এর তথ্য সম্পর্কিত বার্ষিক বিবরণী
১২. অর্ধ-বার্ষিক প্রতিবেদন/হিসাব বিবরণী

উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে । অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ মাছুম পাটোয়ারী)
উপমহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৯৫৬